ENTERPRISE INTERNATIONAL LTD.

REGD. OFFICE : "MALAYALAY", UNIT NO.2A (S)
2ND FLOOR, 3, WOODBURN PARK, KOLKATA - 700020
CIN NO. : L27104WB1989PLC047832

Ph. No. : 033 40447872
: 033 40448394
Fax : 033 40448615
e-mail : contact@eilgroup.com
Website : eilgroup.co.in

Ref. :

Date :

23.06.2026

The Secretary,
BSE Limited,
Phiroze jeejeebhoy Towers,
Dalal Street,
Mumbai – 400 001

Dear Sir,

Ref: Submission of Newspaper publications under Reg 47 of SEBI (LODR)
Scrip Code No. 526574

Pursuant to Regulation 47 and Regulation 30 of SEBI (Listing Obligation and Disclosure Requirements) Regulation 2015, please find enclosed copies of newspaper publications of Notice of 37th Annual General Meeting of the company Scheduled to be held on Monday 28th September 2026 at 10.00 AM., published in the following newspaper on 23rd June 2026.

1. Financial Express (English) all India edition
2. Sukhabar (Bengoli)

This is for you information and record please.

Thanking you,

Yours faithfully,

For Enterprise International Ltd

NEETU KHANDELWAL
Digitally signed by NEETU KHANDELWAL
Date: 2026.06.23 11:30:31 +05'30'

NEETU KHANDELWAL
Company Secretary & Compliance officer
(M.No. : A56079)

Encl : As Above

REDUCED ENTRIES, STRINGENT EVALUATION MAY RESULT IN LOWER TALLY THIS YEAR

Slow start for India at Cannes Lions

CHRISTINA MONIZ
Mumbai, June 22

THE 73RD CANNES Lions International Festival of Creativity kicked off on Monday, with the Indian contingent picking up two Silver Lions and two Bronze Lions. The first day of the festival also saw a total of 18 shortlists across 24 categories for India, a significantly lower number than 2025 when India had picked up 64 shortlists on the first day.

Industry observers said the jury evaluations this year have been far more rigorous than previous years after the festival organisers took back a coveted Grand Prix from Brazilian agency DM9, whose award-winning entry featured AI-manipulated content.

Aalap Desai, co-founder and CCO of tgthr, who has been on a Cannes Lions jury in the past, explains that the entire evaluation process is rather gruelling. He believes that last year's controversies may have cast a shadow on all the Indian entries this time. Last year, two Indian campaigns were at the centre of a controversy.

"The scrutiny for Indian work may be a bit higher this time, which could explain the fewer shortlists. Having said that, the verification of entries, however, was needed and it makes the system better," he remarks.

However, Desai adds that though India's wins may be lower than last year's tally of 32 metals, the prospects still look good since there are several interesting entries from diverse brands this year.

India has a total of 13 industry leaders on different juries this time. Gurbaksh Singh, CCO and CIO of Dentsu Creative India, who is on the digital craft jury, observes that the bar this year is noticeably higher, but said that is a positive step for the industry globally. "Juries are rewarding work with real-world impact and authenticity, which encourages agencies to meaningfully solve problems and create tangible change," he says.

He also said that a lower number of shortlists is not a reflection on Indian creativity. "India continues to produce world-class ideas, but the benchmark at Cannes keeps evolving. If anything, a more demanding judging process should motivate all of us to push the quality of work even further," he adds.

Another leader on condition of anonymity observed that several ad agencies have chosen to stay away entirely from Cannes this year largely due to budget considerations. Entries for Cannes and global award platforms are highly priced, sometimes over ₹1 lakh an entry. This year has been tough on advertisers and ad agencies, with the global geopolitical turmoil, so awards aren't top priority, she says.

To be sure, this is true not only for India but also other markets. The festival received 20,050 entries this year from 92 countries—a 25% decline from 26,900 submissions in 2025. Indian entries reportedly declined 31% this year – 676 submissions were sent this year compared to 982 last year.

INDIA @ CANNES

LEO, Ogilvy, Brand David and Humour Me were the metal winners for India on the first day. Indian entries were part of 18 shortlists across 24 categories on the opening day

Metal	Agency	Brand	Category
SILVER	LEO	Sting (Unofficial Sound of F1)	Audio and Radio Lions
SILVER	Brand David and The Refinery	Colgate (Indianis Dentris campaign)	Health and Wellness Lions
BRONZE	Ogilvy	St Jude Childcare Centre (Renu vs The City)	Health and Wellness Lions
BRONZE	Humour Me, New Delhi	Tata 1MG (Sawaal Uthao)	Pharma Lions

Need more brands to educate & not just sell

LULU RAGHAVAN
PRESIDENT, APAC, WPP BRAND AND DESIGN

CANNES DIARY

BEING ASKED TO sit on the Cannes Lions Design jury is one of those moments you don't take lightly. It's both a privilege and a responsibility. My commitment is to bring the same rigour to judging every entry that the team behind them brought to making it and to carry the learnings back to clients and colleagues who couldn't be in the room.

The shortlisting phase was virtual. The in-person jury deliberations in Cannes will take place this week. To be honest, virtual judging was a lonely process. What I missed the most was the debate. When you hear a diverse set of voices interrogating a piece of work, your own judgement evolves and sometimes even shifts entirely. Sitting along with a screen, you're working with your instincts, which aren't always enough. And the results cited in the entries? They always seem a little generous.

It's hard to scrutinise effectiveness claims when you're working alone. But the work itself? Some of it has made me stop in my tracks. Two pieces have stayed with me.

The first is Infinite Sari, a petition campaign by Red Dot Foundation addressing marital rape in India. What stopped me wasn't just the boldness of the subject but the sheer craft poured into making a standout statement with the hand-crafted and painstakingly embroidered unique sari. Many people worked very hard to make sure the idea didn't just exist but landed. The sari holds so much meaning in Indian life – womanhood, tradition, belonging. To use that symbolism to speak about something this urgent and long silences, without tipping into sensationalism, is design doing what it does best.

The second is The Periodic Fable by The Ordinary. This is a campaign that reimagines the scientific periodic table, replacing chemical elements with 49 beauty industry buzzwords like 'miracle', 'age-defying', 'medical grade' to name a few. In India, where categories like protein feature brands make claim that range from optimistic to misleading, this kind of design-led storytelling feels overdue. We need more brands willing to educate, not just sell.

I'd rather not comment on India's results before the week plays out. What I will say is this: I'd love to see more entries from India's big brands. The creative community has the talent. We just need our clients' ambition to match it. The boldest work in this jury came from brands willing to take a real position. That's a brief, not just a budget!

Cannes has a dazzling speaker lineup, and I'm attending with an open mind rather than a fixed agenda. My goal is simple: to be surprised by every session I attend and to represent Landor and WPP by being a champion of creativity that drives growth. I'm looking forward to meeting lots of new people – after all, the best conversations at festivals like this rarely happen on stage but at the edges, in the arguments that break out when strong opinions meet.

That's what I've been missing in the virtual shortlisting. I'm ready for the room and for the Croisette!



Iran goalkeeper Alireza Beiranvand (right) catches the ball during their World Cup Group G match against Belgium at SoFi stadium near Los Angeles on Sunday. The match ended goalless

Iran's draw with Belgium a balm for war-hit nation

SANDIP G
New York, June 22

FOR NINETY MINUTES and a few more, football united a divided nation. Either side of those nervous yet exciting passages, fans rolled out and waved two variants of the national flag, the pre and post revolutionary ones; some held their fists on the pounding chest when the tuneful national anthem *Ei Iran* thrummed in the arena; some booed and raised slogans. Football was once Iran's balm and beat, now it's a symbol of the conflicts that had clutched the country. The dual world of cheering and booing resumed after the goalless draw.

How could the fans, regardless of their affiliations, whether they perceive players as regime-men or eleven proud footballers, not celebrate a game they nearly won and etched a glorious moment for their country.

Belgium played nearly a quarter of the game with 10 men, after Nathan Ngoy was jettisoned for pulling Mehdi Taremi's shirt when he was through on goal, from a clumsy touch by the young defender. Iran had a sumptuous goal ruled off-side, their repelling of Belgium's gilded forwards was a defensive masterclass.

If only their forwards read each other's minds. Their playing patterns in the offensive half were ineloquent, often caught in a dilemma whether to shoot or pass, eventually doing neither and getting dispossessed.

Maybe, the unusual practice of flying in and out of the country before and after the games was stressing them. FIFA boss Gianni Infantino had promised after the first game that he would do what he could, but his promise remained just another promise. A broken promise.

The political dust settled when the game took over. Every nearly moment of Iran produced a collective sigh of angst—Iran's fans had clearly outnumbered the Belgium counterparts, whose percussion beats were drowned the guttural fury of Iranians.

The goal was like a lyric written by their virtuosic poets, Rumi or Omar Khayyam. Just before the hydration break, Iran received a free kick for a hand ball 25 yards away from the impenetrable Thibaut Courtois' perch. Ehsan Hajid-safi, exuding an intimidating intensity, seemed as though he planned to curl the ball over the wall, running and lowering his body to get the whip on the ball. Instead, he coaxed a pass that was more a brushstroke than a sledgehammer down the side of the wall. The gentle stroke razed the wall down.

The talisman Taremi trapped the ball, turned past the stupefied Belgians and finessed a shot past Courtois. It seemed as though it were the moment that dissolved the nation's recent travails, a blessing. Instead, it was the moment that broke the Iranian hearts. VAR checks showed that Taremi was marginally off-side (just his backside!) He stood inconsolably, with his hands on head.

It would remain a regret for years, on a day they displayed their rearguard resilience. The five-man back-line, pouncing like a defensive wave, blocked out all direct routes to their goal.

এলোপাথাড়ি গুলিতে খরগ্রামে জখম একাধিক

নিজস্ব সংবাদদাতা, খরগ্রাম : সোমবার খড়গ্রামের তেলসুন্ধি এলাকায় সুজিত কুমার মুখার্জির নিজের বৈধ বন্দুক থেকে গুলি চালানোর ফলে গ্রামের একাধিক ব্যক্তি পরপর জখম হওয়ার অপরাধে পাকড়াও বন্দুক মালিক। ধৃতের কাছ থেকে উদ্ধার হয় একটি ওয়ান শাটার বন্দুক ও দুই রাউন্ড কার্তুজ। জখমদের খড়গ্রাম গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়, তারপর রামপুরহাট মেডিকেল কলেজে স্থানান্তরিত করা হয়। ধৃতকে চার দিনের পুলিশ হেফাজতের আবেদন জানিয়ে কান্দি মহকুমা আদালতে তোলা হয়।

নিখোঁজ মৎস্যজীবীর দেহ উদ্ধার

সামিম হোসেন, পাথরপ্রতিমা : গভীর সমুদ্র থেকে মাছ ধরে ফেরার পথে ট্রলারের মাথা থেকে অসাবধানবশত নদীতে পড়ে গিয়ে ৩ দিন ধরে নিখোঁজ থাকা দক্ষিণ ২৪ পরগনা জেলার কাকদ্বীপ ব্লকের অক্ষয়নগর এলাকার বাসিন্দা মৎস্যজীবী কৃষ্ণ দাসের দেহ উদ্ধার হয়। রবিবার বিকালে পাথরপ্রতিমা ব্লকের কে প্লট ঠাকুরান নদীর লাগোয়া এলাকায় তাঁর দেহটি ভাসতে দেখা যায়। পাথরপ্রতিমা থানার পুলিশ দেহটিকে সোমবার সকালে ময়নাতদন্তের জন্য কাকদ্বীপ হাসপাতাল মর্গে পাঠায়। জানা গেছে, গভীর সমুদ্র থেকে মাছ ধরে ফেরার পথে এফ বি সাবিত্রী নামে এক মৎস্যজীবী ট্রলারের মাথায় বসেছিলেন মৎস্যজীবী কৃষ্ণ দাস। সেইসময় প্রবল স্রোতে ঢেউয়ের কারণে তিনি অসাবধানবশত নদীতে পড়ে গিয়ে তলিয়ে যান। তারপর থেকে পাথরপ্রতিমা থানার পুলিশ ও মৎস্যজীবীরা লঞ্চ ও ট্রলার নিয়ে নদীতে তল্লাশি অভিযান শুরু করে। নদীতে ৩দিন তল্লাশি অভিযান চালানোর পর রবিবার বিকালে তাঁর দেহটি ভাসতে দেখা যায়। সেখান থেকে দেহটি উদ্ধার করে পাথর প্রতিমা থানার পুলিশ।

পালাবদলের পর মুখ্যমন্ত্রীর জেলা থেকেই জেলা পরিষদ দখল শুরু বিজেপির

তুহিনশুভ্র আগুয়ান, তমলুক : রাজ্যজুড়ে কার্যত গেরুয়া সুনামি। রাজ্যে পালাবদলের পর এবার জেলা পরিষদ দখল শুরু করলো বিজেপি। খোদ মুখ্যমন্ত্রীর জেলা থেকেই জেলা পরিষদের বোর্ড গড়া শুরু করল বিজেপি। সোমবার পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের সভাধিপতি ও সহকারী সভাধিপতি নির্বাচন ছিল। সেখানে বিনা প্রতিদ্বন্দ্বিতায় সভাধিপতি হিসেবে নির্বাচিত হন বিজেপির বামদেব গুছাইত। পাশাপাশি সহকারি সভাধিপতি হিসেবে নির্বাচিত হন এগরা ২ নং ব্লকের বাঁসুরি পণ্ডিত। সোমবার এক্স হ্যান্ডেলে পোস্ট করে সভাধিপতি ও সহকারি সভাধিপতিকে শুভেচ্ছা জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। উল্লেখ্য, ২০১১ সালে তৃণমূল ক্ষমতায় আসার আগে রাজ্যে সর্বপ্রথম পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ সিপিআই(এম) দলের হাত থেকে দখলে গিয়েছিল তৃণমূলের। ২০০৮ সালে বাম সরকারকে পেছনে ফেলে পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের দখল নিয়েছিল তৃণমূল। তখন মোট ৫৩টি আসনের মধ্যে ৩৫টি আসন পেয়েছিল তৃণমূল। সভাধিপতি হয়েছিলেন

রণজিত মণ্ডল। এখন পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের আসন সংখ্যা ৭০টি। এরমধ্যে গত পঞ্চায়েত নির্বাচনে তৃণমূল পেয়েছিল ৫৬টি আসন ও বিজেপি পেয়েছিল ১৪টি আসন। রাজ্যে পালাবদলের পর গত ৫ জুন সভাধিপতির পদ থেকে পদত্যাগ করেন উত্তম বারিক। একই দিনেই পদত্যাগ করেন সহকারি সভাধিপতি সুহাসিনী কর। এরই মাঝে দিশেহারা অবস্থায় জেলা পরিষদের বাকি কর্মাধ্যক্ষরা নিজেদের মধ্যে বৈঠক করেন। নেতৃত্বহীন অবস্থায় তাঁরা শেষমেষ সভাধিপতি নির্বাচনে প্রতিদ্বন্দ্বী হিসেবে তৃণমূলের থেকে কাউকে দাঁড় করাবেন না বলে সিদ্ধান্ত নেন। সোমবার সকালে সেইমতো যখন বিজেপির তরফে বামদেব গুছাইতের নাম সভাধিপতি হিসেবে ও বাঁসুরি পণ্ডিতের নাম সহকারি সভাধিপতি হিসেবে প্রস্তাব রাখা হয়, তখন বিরোধিতা করতে দেখা যায়নি তৃণমূলকে। এক প্রকার বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজেপির সভাধিপতি ও সহকারী সভাধিপতি নির্বাচন হয়। এদিন নির্বাচনে তৃণমূলের তরফে মোট ৫০ জন ও বিজেপির তরফে ১৪ জন ছিলেন। জেলা পরিষদের ৭০টি আসনের মধ্যে তৃণমূলের টিকিটে জেতা ২ সদস্যর এরমধ্যে মৃত্যু হয়েছে। ফলে ৬৮ জন সদস্যের মধ্যে সোমবার ৬৪ জন ছিলেন নির্বাচনে। রাজ্যে প্রথম বিজেপির জেলা পরিষদ দখল নিয়ে জেলা জুড়ে উচ্ছ্বাসে মেতে ওঠেন বিজেপির কর্মী ও সমর্থকরা। জেলা পরিষদ ভবনে শুভেচ্ছার হিড়িক লেগে যায় সোমবার দিনভর। নতুন সভাধিপতি ও সহকারী সভাধিপতিকে শুভেচ্ছা জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নিজেও। এদিন জেলা পরিষদ ভবনে ২ জনকে সংবর্ধনা জানান কাঁথি লোকসভার সাংসদ সৌমেন্দু অধিকারীও। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, 'অত্যন্ত আনন্দের বিষয়, আজ ভারতীয় জনতা পার্টি পশ্চিমবঙ্গে প্রথমবার কোনো জেলা পরিষদের বোর্ড গড়তে। নির্বাচিত সভাধিপতি ও সহকারী সভাধিপতিকে আমরা আন্তরিক শুভেচ্ছা ও গৈরিক অভিনন্দন জানাই। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি দক্ষ নেতৃত্ব, জনসেবার প্রতি অঙ্গীকার ও উন্নয়নমুখী দৃষ্টিভঙ্গির মাধ্যমে পূর্ব মেদিনীপুরের সার্বিক অগ্রগতি আরো গতিশীল ও সমৃদ্ধ হবে।' বামদেব গুছাইত বলেন, 'তৃণমূলের অনুন্নয়ন থেকে আমাদের উন্নয়নের রূপান্তরিত করতে গেলে সদর্থক দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করতে হবে।'

হাবড়ার তৃণমূল নেতা গ্রেফতার

সুমন তালুকদার, বারাসাত : উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের কৃষি কর্মাধ্যক্ষ তথা তৃণমূল কংগ্রেসের দাপুটে নেতা জ্যোতি চক্রবর্তীকে রবিবার রাতে গ্রেফতার করা হয়। সোমবার তাঁকে বারাসাত আদালতে তোলা হলে বিচারক পুলিশের হেফাজতে থাকার আদেশ দেন। জানা গেছে, উত্তর ২৪ পরগনার হাবরা বিধানসভার বিড়া নারায়ণপুর এলাকায় রবিবার রাতে এক ক্লাবকে কেন্দ্র করে তীব্র উত্তেজনা ছড়ায়। অভিযোগ, দীর্ঘদিন ধরে জ্যোতি চক্রবর্তী ওই ক্লাবের সব কাজ নিয়ন্ত্রণ করতেন আর ক্লাবকে রাজনৈতিক কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে ব্যবহার করতেন বলে স্থানীয়দের একাংশের দাবি। স্থানীয় সূত্রে খবর, রবিবার রাতে এলাকার কয়েকজন বাসিন্দা ক্লাবে গিয়ে আর্থিক হিসাব-নিকাশ জানতে চান। সেসময় বচসা বাধে। পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। জ্যোতি চক্রবর্তী হুমকি দেন ও মারধরও করেন বলে অভিযোগ। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে থানায় খবর দেওয়া হয়। ফোন পাওয়ার পর ঘটনাস্থলে পৌঁছে পুলিশ জ্যোতি চক্রবর্তীকে আটক করে থানায় নিয়ে যায়। সোমবার অভিযোগ পাওয়ার পর তাঁকে

গ্রেফতার করা হয়। প্রিজন ভ্যানে করে থানা থেকে বেরোনোর পরই থানায় ঢোকার মুখে যশোর রোডের পাশে দাঁড়িয়ে ছিলেন স্থানীয়রা। তাঁরা প্রিজন ভ্যান লক্ষ্য করে ডিম ছোড়েন। আর চোর চোর স্লোগান ওঠে। বারাসাত আদালতে তোলা হলে বিচারক তাঁকে ১০ দিনের জন্য পুলিশের হেফাজতে থাকার আদেশ দেন।

মেটেলা উচ্চবিদ্যালয়ের মিড ডে মিল কাণ্ডে বিজেপির স্থানীয় নেতাকে শোকজ

অশোক মণ্ডল, দুবরাজপুর : সোমবার বীরভূমের দুবরাজপুর থানার মেটেলা গ্রামের বিজেপি নেতা রঞ্জিত মণ্ডলকে কারণ জানাতে নোটিশ ধরালো দল। মেটেলা উচ্চবিদ্যালয়ের মিড ডে মিল কাণ্ডে জড়িয়ে পড়া ও রান্নার কাজে যুক্ত স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের মূলত চৈতালি বাউরি ও তার সঙ্গীদের হুমকির কথা সোশ্যাল মিডিয়ায় প্রচারিত হতেই নড়েচড়ে বসেছে দল। এদিন মণ্ডল সভাপতি মোহন ঘোষ রঞ্জিত মণ্ডলের হাতে শোকজ নোটিশ ধরিয়ে দেন। উল্লেখ্য, ১৯ জুন অর্থাৎ শুক্রবার রান্নার কাজে যুক্ত স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা মূলত চৈতালি বাউরি ও তার সহযোগীরা প্রতিবাদ করেন, মেটেলা হাই স্কুলের প্রধান শিক্ষক কল্যাণ দে ২২ কেজি চাল রান্নার জন্য দিয়ে খাতায় লিখে রাখছেন ৪৫ কেজি। আর এখান থেকেই গোলমালের শুরু। প্রধান শিক্ষক কল্যাণ দে নিজে তৃণমূল শিক্ষক সেলের প্রভাবশালী নেতা হওয়ার কারণে কেউ কিছু করতে পারবে না ধরে নিয়ে স্কুলে প্রভাব বিস্তার করে বসেছেন। পড়ুয়াদের খাওয়ার জন্য রান্নার চাল নিয়ে নয়ছয়ের কথা চৈতালি বাউরি ও স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা দুবরাজপুর ব্লকের বিডিও জয়সূর্য চক্রবর্তীকে অভিযোগ আকারে জমা দেন। অভিযোগ জমা পড়তেই বিজেপি নেতা রঞ্জিত মণ্ডল ফোনে দেখে নেব বলে হুমকি দেন ও রান্না বন্ধ করে দেওয়ার ভয় দেখান চৈতালি বাউরিকে। বুদ্ধিমতী চৈতালি ওই হুমকির কথা রেকর্ড করে সোশ্যাল মিডিয়ায় প্রচার করে দেন। জানাজানি হতেই বিজেপি নেতৃত্ব নড়েচড়ে বসেছে। কারণ জানানোর নোটিশ ধরিয়ে দিয়েছে রঞ্জিত মণ্ডলকে। এদিকে এলাকাবাসীর বক্তব্য, বিজেপির তরফে তাদের দলের নেতাকে লাগাম দিতে কারণ জানাতে নোটিশ ধরিয়ে দিলেও প্রধান শিক্ষকের বিরুদ্ধে প্রশাসনের কোনো পদক্ষেপ করতে দেখা যায়নি বলেও উঠেছে অভিযোগ। অন্যদিকে মেটেলা হাই স্কুলের মিড ডে মিল সংক্রান্ত অভিযোগ খতিয়ে দেখতে ব্লক অফিসের আধিকারিকরা বিদ্যালয়ে যাবেন এমনটাই সিদ্ধান্ত হয়েছে বলে দুবরাজপুর ব্লক অফিস সূত্র থেকে জানা গেছে। দুবরাজপুর ব্লকের বিডিও জয়সূর্য চক্রবর্তী জানান, পড়ুয়াদের খাবার নিয়ে অভিযোগ উঠেছে। অবশ্যই খতিয়ে দেখা হবে। এদিকে বিজেপির ওই মণ্ডলের সভাপতি মোহন ঘোষ জানান, রঞ্জিত মণ্ডলকে কারণ জানাতে নোটিশ পাঠানো হয়েছে। চিঠি পাঠানোর ১৫ দিনের মধ্যে তার জবাব চেয়েছি। উনি উত্তর দেওয়ার পর দল সিদ্ধান্ত নেবে। আর ছাত্রদের রান্নার চাল কম দেওয়া নিয়েও দল জোরালো পদক্ষেপ করতে চলেছে।

বাজেটে আরেকটি মেডিক্যাল কলেজ পাচ্ছে বীরভূম

পারমিতা মণ্ডল, সিউড়ি : আরেকটি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল হচ্ছে বীরভূমে। তৃণমূল-কংগ্রেসের সরকারের আমলে বীরভূমে প্রথম মেডিক্যাল কলেজ ও হাসপাতাল হয়েছিল রামপুরহাটে। তারপর বোলপুরের মুলুকে গড়ে ওঠে শান্তিনিকেতন মেডিক্যাল কলেজ ও হাসপাতাল। তবে তা বেসরকারি। এবার সিউড়ি সুপার স্পেশালিটি হাসপাতালকে মেডিক্যাল কলেজ ও হাসপাতালে রূপান্তরিত করা হচ্ছে। সোমবার ডবল ইঞ্জিন সরকারের প্রথম বাজেট পেশ হল। বিধানসভায় বাজেট পেশ করে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত ঘোষণা করেন, রাজ্যে দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট, আলিপুরদুয়ার ও পশ্চিম বর্ধমানের আসানসোল সহ বীরভূমের সিউড়িতে গড়ে উঠছে নতুন মেডিক্যাল কলেজ ও হাসপাতাল। অর্থাৎ, লালমাটির জেলায় এই নিয়ে ৩ টি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল গড়ে উঠেছে। ২টি সরকারি, ১টি বেসরকারি। বিজেপির বীরভূম সাংগঠনিক জেলা সভাপতি উদয় শঙ্কর বন্দ্যোপাধ্যায় বলেন, 'আমরা গর্বিত। ধন্যবাদ জানাই মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রীকে। নতুন মেডিক্যাল কলেজ হচ্ছে সিউড়িতে, এটা অত্যন্ত খুশির খবর। এই তিলপাড়া ব্রিজ নিয়ে আন্দোলন করে আমরা জেল খেটেছি। আজ বাজেটে সেটা পেশ হয়েছে। বিজেপি কর্মীদের সেই কষ্ট যেন নির্মূল হল। বীরভূম জেলাবাসী খুবই খুশি। এটা জনগণের সরকার।' পাশাপাশি, এই জেলার ঐতিহ্যবাহী সিদ্ধপীঠ তারাপীঠ সহ সতীপীঠ কঙ্কালীতলা, বক্রেশ্বর, নন্দিকেশ্বরী, ফুল্লরাতলা প্রভৃতিকে বেঙ্গল শক্তিপীঠ সার্কিটের আওতায় এনে হেরিটেজ পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলা হবে। অর্থাৎ, ঢেলে সাজানো হবে এইসব পীঠস্থান। ভক্তদের সুবিধার্থে একগুচ্ছ পরিকল্পনা নেওয়া হয়েছে। এরজন্য হেরিটেজ কমিশন গড়া হচ্ছে। অন্যদিকে, সিউড়িতে ময়ূরাক্ষী নদীর ওপর গড়ে উঠতে চলেছে ৪ লেন সেতু ও জলাধার। এরমধ্যেই তারজন্য রাজ্য বাজেটে অনুযায়ী ৮০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

ফলতার উন্নয়নে একাধিক পরিকল্পনা বাজেটে

নিজস্ব সংবাদদাতা, ফলতা : সোমবারের রাজ্য বাজেটে ঘোষণা করা হল ফলতার উন্নয়নে একাধিক খতিয়ান। পরিবর্তনের পর রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর যে ঘোষণা বলেছে তা বাংলায় উন্নয়নের মডেল হবে ফলতা। সেজন্য বন্ধ প্রায় ফলতা স্পেশাল ইকোনমিক জোনে (এসইজেড) নতুন করে বিনিয়োগ ও কর্মসংস্থান ফেরানোই এই বাজেটের অন্যতম মূল লক্ষ্য। এবারের রাজ্য বাজেটে ফলতার উন্নয়নের জন্য যেসব খতিয়ান তুলে ধরা হয়েছে তা হল ১) মডেল ব্লক রূপায়ণ অর্থাৎ ফলতা বিধানসভা এলাকাকে এক উন্নত মডেল ব্লক হিসেবে গড়ে তোলার জন্য বাজেটে বিশেষ আর্থিক প্যাকেজ ও পরিকাঠামো উন্নয়নের প্রস্তাব রাখা হয়েছে। ২) শিল্পায়ন ও কর্মসংস্থান অর্থাৎ রাজ্যের বন্ধপ্রায় শিল্পাঞ্চলে আবার গতি আনতে ও নতুন কর্মসংস্থান তৈরি করতে রাজ্য সরকারের তরফ থেকে ৫০০০ কোটি টাকার বিশেষ শিল্প প্যাকেজ ঘোষণা করা হয়েছে। ৩) স্বাস্থ্য পরিকাঠামো অর্থাৎ ডায়মন্ড হারবার স্বাস্থ্য জেলার (ডিএইচপিসি) আওতাধীন ফলতার স্থানীয় স্বাস্থ্যকেন্দ্র ও সব হাসপাতালকে উন্নত করে ১০০ শয্যা বিশিষ্ট গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার প্রস্তাব দেওয়া হয়েছে। এর ফলে এই অঞ্চলে জরুরি চিকিৎসা পরিষেবার পরিকাঠামো আমূল বদলে যাবে। জরুরি ভিত্তিতে প্রসূতিদের সেবার ব্যবস্থা করা হবে। ৪) যোগাযোগ ব্যবস্থা অর্থাৎ স্থানীয় যোগাযোগ ও পণ্য পরিবহণের সুবিধার্থে রাস্তাঘাট ও লজিস্টিকস পরিকাঠামো উন্নয়নে বিশেষ নজর দেওয়া হয়েছে। এই বাজেটে রাজ্যের বেশ কয়েকটি এলাকায় নতুন অগ্নি নির্বাপক কেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেই তালিকাতেও রয়েছে ফলতা। পাশাপাশি ফলতায় ১টি মহিলা কলেজ করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

গাইঘাটায় তৃণমূল নেতাকে জুতোর মালা সঙ্গে ডিম

সোমনাথ পাল, গাইঘাটা : বাড়ি থেকে পালিয়েও শেষ রক্ষা হল না। শেষমেষ পুলিশের হাতে গ্রেফতার হল গাইঘাটা পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ তথা বনগাঁ জেলা তৃণমূলের প্রাক্তন যুব সভাপতি নিরুপম রায়। ধৃতের বিরুদ্ধে কানন রায় নামে এক বিজেপি কর্মীকে পিটিয়ে খুনের অভিযোগ রয়েছে। এছাড়াও দলীয় প্রভাব খাটিয়ে এলাকায় বেলাগাম তোলাবাজি সহ কাটমানি নেওয়ার অভিযোগ রয়েছে। ধৃত তৃণমূল যুব নেতা জেলা তৃণমূল সভাপতি বিশ্বজিৎ দাস ঘনিষ্ঠ বলেই পরিচিত। এতদিন পুলিশ ধৃতর বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়নি বলে অভিযোগ। রবিবার রাতে অভিযুক্ত নিরুপমকে প্রথমে আটক পরে গ্রেফতার করে পুলিশ। সোমবার আদালতে নিয়ে যাওয়ার সময় অভিযুক্ত তৃণমূল নেতার উদ্দেশ্যে জুতোর মালা নিয়ে গাইঘাটা থানায় হাজির হয় ক্ষিপ্ত এলাকাবাসীরা। উত্তেজিত জনতার হাত থেকে কোনোরকমে রক্ষা করে অভিযুক্তকে প্রিজন ভ্যানে তোলে পুলিশ। তাদের অভিযোগ, নিরুপম এলাকায় যা অত্যাচার করেছে তার জন্য ওর ফাঁসি হওয়া উচিত। এলাকায় কেউ বিজেপি করলেই তাকে গিয়ে মারধর, খুনের হুমকি সহ মিথ্যা কেস দিয়ে থানায় ঢুকিয়ে দিত নিরুপম। প্রসঙ্গত, গত ৪ মে ভোটের ফল ঘোষণার পরই এলাকা ছেড়ে বেপাত্তা হয়ে যায় তৃণমূল নেতা নিরুপম। এরইমধ্যে গোপনে বাড়ির মালপত্র গুছিয়ে পালানোর ছক কষে। ওই ঘটনায় সাতসকালে অভিযুক্ত নিরুপমের বাড়ির সামনে গাড়ি ভরতি মালপত্র আটকে বিক্ষোভ দেখায় এলাকাবাসীরা। এরইমধ্যে এবার সরাসরি অভিযুক্ত তৃণমূল নেতাকে গ্রেফতার করল পুলিশ। ফের হেফাজতের আবেদন জানিয়ে সোমবার ধৃতকে বনগাঁ মহকুমা আদালতে তোলে পুলিশ।

রাজ্য বাজেটে আশাহত বৃত্তিমূলক প্রশিক্ষকরা

আশিস মণ্ডল, সিউড়ি : এবারের বাজেট শুনে রাজ্যের বৃত্তিমূলক শিক্ষক প্রশিক্ষকরা আশাহত। সরকারি আদেশনামায় ২০০৫ সাল থেকে ক্লাস প্রতি ১০০ টাকা হিসেবে কাজ করার পর বামফ্রন্ট আমলের পর তৃণমূল সরকার তাঁদের সামাজিক সুরক্ষার আওতায় এনে ৭ হাজার থেকে ১৫ হাজার বেতনক্রমে যথাক্রমে পার্ট টাইম টিচার ও চুক্তিভিত্তিক টিচারের কাজ দিয়েছিল। কিন্তু এতো অল্প মাইনেতে সংসার চালানো অসুবিধা হওয়ায় তাঁরা সব রাজনৈতিক দল মিলে যৌথ মঞ্চ করে তৃণমূল সরকারের বিরুদ্ধে আন্দোলন করে। কিন্তু এই রাজ্য বাজেটে তাঁদের নাম পর্যন্ত উল্লেখ না থাকায় তাঁরা আশাহত। পার্শ্বশিক্ষক, আশাকর্মী, সিভিক ও ভিলেজ পুলিশসহ অন্যান্যদের ভাতা বাড়লেও বৃত্তিমূলক শিক্ষক ও শিক্ষকদের কথা ভাবা হয়নি। এব্যাপারে বড়শাল উচ্চ বিদ্যালয়ের প্রশিক্ষক সতন কুমার লেট জানান, সারা রাজ্যে অষ্টম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি মিলে ২২০০টি স্কুল আছে। বছরে প্রায় ৮০ হাজার ছাত্রছাত্রী এইসব স্কুল থেকে পাস করে। গোটা বীরভূম জেলায় ৪০টি এরকম প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। সেগুলি বিভিন্ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের মাধ্যমে পড়ালেখা চালায়। স্কুলের প্রধান শিক্ষকরা তাঁদের কো-অর্ডিনেটর হিসেবে কাজ করে থাকে। সারা জেলায় এই ৪০টি প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রতিবছর ১৬০০ ছাত্রছাত্রী উচ্চ মাধ্যমিক স্তর থেকে আর অষ্টম শ্রেণির স্তর থেকে এর থেকে অনেক বেশি ছাত্রছাত্রী পাস করে। এদের বেশিরভাগ ছাত্রছাত্রী স্কুলের ড্রপ আউট স্টুডেন্ট আর মাঠে-ঘাটে কাজ করা ছাত্র-ছাত্রী। এইসব প্রতিষ্ঠান থেকে পড়াশোনা করে ও হাতে-কলমে কাজ শিখে তারা বিভিন্ন কল কারখানায় সম্মানজনক মাইনেতে প্রতিষ্ঠিত। শুধু তাই নয় তারা নিজেরা প্রযুক্তি শিখে ব্যবসাও করে।'

মেজিয়া ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চত্বর সাফাই বিধায়কের

দীপেন ডাং, মেজিয়া : নিজের বিধানসভা এলাকার মেজিয়া ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চত্বর দলীয় কর্মী ও সমর্থকদের নিয়ে সাফাই করলেন শালতোড়ার বিধায়ক চন্দনা বাউরি। নিজের দীর্ঘদিনের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে একেবারে পেশাদার সাফাইকর্মীর মতো করে হাসপাতাল চত্বর সাফাই করলেন স্থানীয় মানুষের কাছে অগ্নিকন্যা বলে পরিচিত বিধায়ক চন্দনা বাউরি। দলীয় কর্মীদের সঙ্গে নিজে হাতে কোদাল, বেলচা চালিয়ে আবর্জনা এক জায়গায় জড়ো করে সেগুলি ঝুড়িতে ভরে মাথায় করে তা গাড়িতে তোলেন। তাঁর সক্রিয় উদ্যোগে হাসপাতাল চত্বরের আবর্জনা সাফাই করে ঝকঝকে হয়ে যায়। বিধায়ক চন্দনা বাউরির এই উদ্যোগ দেখতে স্থানীয় মানুষ, রোগী ও তাঁদের পরিবারের লোক ভিড় জমান। উল্লেখ্য, একসময় রুজি রোজগারের জন্য 'দিন

আনি দিন খাই' অবস্থা ছিল চন্দনার পরিবারের। বিধায়ক হওয়ার আগে পেশায় রাজমিস্ত্রি স্বামী শ্রাবন বাউরির সঙ্গে জোগাড়ের কাজ করতেন তিনি। তাই ঝুড়ি ও কোদালের সঙ্গে তাঁর সম্পর্ক দীর্ঘদিনের। ২০২১ ও ২০২৬ সালে পরপর ২ বার বিধানসভা ভোটে শালতোড়া আসন থেকে জিতে বিধায়ক হন। তবু নিজের জীবনযাত্রার তেমন বদল ঘটেনি। এখনো সেই খেটেখাওয়া ও প্রতিবাদী রূপ তাঁর বদলায়নি। চন্দনার কথায়, 'দীর্ঘদিন ধরে দেশের প্রধানমন্ত্রী স্বচ্ছ ভারত ও নির্মল ভারত গড়ার জন্য দেশ জুড়ে স্বচ্ছতা অভিযানের ডাক দিয়েছেন। রাজ্যেও স্বচ্ছতা অভিযানের ডাক দিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর সেই আহ্বানে সাড়া দেওয়া আমার দায়িত্ব ও কর্তব্য। এই ডাক সফল করতে আমি আন্তরিক।' ফলে সোমবার সকাল থেকেই তাঁকে একেবারে পেশাদার সাফাইকর্মীর ভূমিকায় দেখা যায়। নিজে হাতে কোদাল চালিয়ে হাসপাতাল চত্বরে থাকা ঝোপ ঝাড় সাফ করেন তিনি। সাফাই কাজের মাঝে মাথায় আবর্জনা বোঝাই ঝুড়ি বইতেও দেখা যায় বিধায়ককে। দলীয় কর্মী সুজাতা বাউরি, নিমাই রায় ও প্রশান্ত কর বলেন, 'বিধায়ক আবর্জনা সাফাইয়ের কাজ করছেন, তাই আমরাও হাত লাগিয়েছি। বিধায়ককে দেখে দলের কর্মী ও সমর্থকরাও সাফাই কাজে হাত লাগান।' চন্দনা বাউরি বলেন, 'স্বচ্ছতা শুধু সরকারি কর্মসূচি নয়, এটি সকলের সামাজিক দায়িত্ব। সাধারণ মানুষকে সচেতন করতেই নিজে হাতে এই সাফাই অভিযানে নেমেছি। একজন জনপ্রতিনিধি হিসেবে মানুষের পাশে থেকে মানুষের কাজ করাই আমার মূল লক্ষ্য। আমাকে দেখে একাজে এত মানুষ হাত লাগিয়েছেন।'